166

দৈনিক সংবাদ

তারিখ ··· MAR. 25 1999 ··· ···
পৃষ্ঠা · ১২ কলাম ৬ ·····

# রাষ্ট্রপতির সঙ্গে কেন্দুয়া থানা শিক্ষা ট্রাস্টের প্রতিনিধিদলের সাক্ষাৎ

কেন্দুয়া থানা শিক্ষা ট্রাস্টের সাত সদস্যের এক প্রতিনিধিদল বুধবার বঙ্গভবনে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সাথে দেখা করেন। খবর বাসসের।

সাবেক সংসদ সদস্য এডভোকেট জুবেদ আলী প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। প্রতিনিধিদলের সদস্যরা ছাত্রীদের সংখ্যা বৃদ্ধি পাওয়ার প্রেক্ষাপটে কেন্দুয়ায় একটি কলেজ স্থাপনের পরিকল্পনার কথা রাষ্ট্রপতিকে অবহিত করেন। তারা এ ব্যাপারে রাষ্ট্রপতির সাহায্য ও সহযোগিতা কামনা করেন।

এছাড়াও তারা রাষ্ট্রপতিকে সড়ক যোগাযোগের অব্যবস্থাসহ স্থানীয় কিছু সমস্যার কথা জানান।

রাষ্ট্রপতি মনোযোগ দিয়ে তাদের কথা শোনেন এবং বিষয়গুলো বিবেচনা করবেন বলে আশ্বাস প্রদান করেন।